গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ
প্রশাসন-৬শাখা
www.mor.gov.bd

**বিষয়:- ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ে গঠিত কমিটি'র সভার কার্যবিবরণী।**

সভাপতি : খালেদা আখতার, এনডিসি
যুগ্মসচিব (প্রশাসন-১ অধিশাখা), রেলপথ মন্ত্রণালয়

সভার তারিখ : ০২ জুলাই ২০২৬

সময় : সকাল ১০:০০টা

স্থান : কক্ষ নম্বর:-৯১৭, রেলভবন, ঢাকা

সভার উপস্থিতি : নেপোলিয়ন দেওয়ান, উপসচিব (উন্নয়ন-১), রেলপথ মন্ত্রণালয়, দিপন দেবনাথ, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৬), রেলপথ মন্ত্রণালয়

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে হতে ইতোমধ্যে গৃহীত ব্যবস্থা এবং বাস্তবতার নিরিখে আরও যেসব পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন তার ওপর সংশ্লিষ্টদের মতামত ব্যক্ত করার অনুরোধ জানানো হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**০২. আলোচনা:** সভায় জানানো হয় যে, সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ (চিকনগুনিয়া, ম্যালেরিয়া, ফাইলেরিয়াসিস বা গোঁদ রোগ, জাপানিস এনসেপালাইটিস ইত্যাদি) প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ২৩ জুন ২০২৬ তারিখে 'ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি'-এর ২০২৬ সালের প্রথম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রেলওয়ের অব্যবহৃত বগি বা ওয়াগন নিয়মিত পরিষ্কার করা যাতে পানি বা ময়লা আবর্জনা দীর্ঘদিন জমে না থাকে এবং মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর যার যার মতো করে ডেঙ্গু প্রতিরোধ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়ে লিফলেট প্রস্তুত এবং বিতরণসহ সবাইকে সচেতন করা এবং জবাবদিহি করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রশাসন-৬ শাখা থেকে পত্র প্রেরণের জন্য সভায় মতামত ব্যক্ত করা হয়। এছাড়াও, ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধ স্থানীয় সরকার বিভাগ, প্রণীত 'ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা-২০২৫' অনুসরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত নির্দেশিকায় মন্ত্রণালয়/বিভাগ,দপ্তর-সংস্থা এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়ের বিভিন্ন অংশীজনের দায়িত্ব ও করণীয় সম্পর্কে উল্লেখ রয়েছে। তাছাড়া, বাংলাদেশ রেলওয়ে কর্তৃক পরিচালিত শিক্ষাপ্রতিষ্ঠান এবং হাসপাতালসমূহে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে করণীয় সম্পর্কে উক্ত নির্দেশিকায় বর্ণনা করা হয়েছে। আলোচনা শেষে বর্ষাকালে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় এবিষয়ে জরুরি ভিত্তিতে নির্দেশিকা অনুসারে ডেঙ্গু প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত কার্যক্রমের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের উপর গুরুত্বারোপ করেন।

**০৩. সিদ্ধান্তসমূহ:** সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৩.১ | ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটির ২০২৬ সালের অনুষ্ঠিত প্রথম সভার আলোচনা ও সিদ্ধান্ত অনুযায়ী নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে:<br>১. স্থানীয় সরকার বিভাগ প্রণীত 'ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা-২০২৫' অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশিকার অনুলিপি প্রেরণ করতে হবে;<br>২.রেলওয়ের অব্যবহৃত বগি বা ওয়াগন নিয়মিত পরিষ্কার করতে হবে যাতে পানি বা ময়লা-আবর্জনা দীর্ঘদিন জমে না থাকে;<br>৩. মন্ত্রণালয়, দপ্তর-সংস্থা যার যার মতো করে ডেঙ্গু প্রতিরোধ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়ে লিফলেট প্রস্তুত করবে এবং বিতরণ করবে। এজন্য স্থানীয় সরকার বিভাগ হতে সংগৃহীত লিফলেট এর নমুনা সরবরাহ করতে হবে;<br>৪. সবাইকে সচেতন করতে হবে এবং জবাবদিহি করতে হবে। | মহাপরিচালক,<br>বাংলাদেশ রেলওয়ে<br><br>সিনিয়র সহাকারী সচিব<br>(প্রশাসন-৬ শাখা),<br>রেলপথ মন্ত্রণালয় |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৩.২ | স্থানীয় সরকার বিভাগ প্রণীত 'ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা-২০২৫'-এর ১১ নম্বর অনুচ্ছেদ অনুসারে বাংলাদেশ রেলওয়ের নিজস্ব জনবলের মাধ্যমে বছরব্যাপী মশক নিধন কার্যক্রম পরিচালনা করবে। এ বিষয়ে প্রয়োজনে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানের (সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ) সহায়তা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক,<br>বাংলাদেশ রেলওয়ে<br>সিনিয়র সহাকারী সচিব<br>(প্রশাসন-৬ শাখা)<br>রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৩ | মন্ত্রণালয় ও দপ্তর-সংস্থায় ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে:<br>১. রেলপথ মন্ত্রণালয় এবং আওতাধীন সকল কার্যালয়ে সেবা প্রদানকারী সংস্থাসমূহ স্ব স্ব কার্যালয়ের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে;<br>২. প্রতিষ্ঠানের অভ্যন্তরে ও আঙ্গিনায়/করিডোর বা যত্রতত্র পরিত্যক্ত বস্তু, প্লাস্টিক দ্রব্যাদি ইত্যাদি এবং এসি/রেফ্রিজারেটর-এর পানি নিয়মিত পরিষ্কার করা যাতে কোনভাবেই প্রতিষ্ঠানের অভ্যন্তরে বা চারপাশে মশকের লার্ভা জন্মানোর অনুকূল পরিবেশ সৃষ্টি না হয় সে বিষয় খেয়াল রাখতে হবে;<br>৩. প্রতি বছর বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ের কার্যালয় ও সংস্থাসমূহের মধ্য হতে শ্রেষ্ঠ প্রতিষ্ঠানকে পরিচ্ছন্নতা বিষয়ে স্বীকৃতি বা পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা। প্রতি কার্যালয়ের কর্মচারীদের মধ্য হতে একজন শ্রেষ্ঠ কর্মচারীকে এ বিষয়ে কাজের স্বীকৃতি/পুরস্কার প্রদান করতে হবে;<br>৪. কর্মচারীদের সকল প্রশিক্ষণ ম্যানুয়ালে মশক নিয়ন্ত্রণে পরিচ্ছন্নতার বিষয়টি অন্তর্ভুক্ত করার পাশাপাশি ব্যবহারিক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;<br>৫. সরকারি ও সংবিধিবদ্ধ সংস্থার সকল কার্যালয়, আবাসিক ভবন ইত্যাদির ছাদ, কমন স্পেস, সিঁড়ি, সানসেট, পানির ট্যাংক ইত্যাদি নিয়মিত পরিষ্কার করা;<br>৬. সকল সরকারি কার্যালয়ের অভ্যন্তরের পুকুর, জলাশয় ইত্যাদি দূষণমুক্ত ও পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করা;<br>৭. সকল সরকারি দপ্তর/কার্যালয়, শিক্ষা প্রতিষ্ঠানে পরিচ্ছন্নতা কাজের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় বরাদ্দ রাখতে হবে;<br>৮. ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে করণীয় বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিকরণে নিম্নেবর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবে:<br>ক. বাড়ির ভেতরে ও আঙ্গিনায় পানি জমে থাকার স্থান, (যেমন: ফুলের টব, নালা, পানির ট্যাপের চারপাশ, পানির পাম্প, ফ্রিজ বা এসি'র পানি জমার স্থান,পানির পাত্র/বদনা/বালতি,হাইকমোড,আইসক্রিম বক্স, ডাবের খোসা , টায়ার ইত্যাদি হতে পানি অপসারণ এবং নিয়মিত পরিষ্কার করতে হবে;<br>খ. গোসলখানায় বালতি, ড্রাম, প্লাস্টিক ও সিমেন্টের ট্যাংক কিংবা মাটির গর্তে কোনো অবস্থাতেই তিন দিনের বেশি পানি জমিয়ে রাখা যাবে না, কারণ স্থির পরিষ্কার পানিতে ডেঙ্গুর জীবাণু জন্মায়;<br>গ. বিভিন্ন রকম মশা নিরোধক কীটনাশক বা বায়োলজিক্যাল কন্ট্রোল এজেন্ট স্প্রে করা যেতে পারে, তবে পরিবেশের উপর কীটনাশকের কুপ্রভাবের কথা মাথায় রেখে পানি জমতে না দেওয়াটাই শ্রেয়;<br>ঘ. বাড়ি/ভবনের আশেপাশে কোন জায়গায় পানি জমা থাকলে লার্ভিসাইড স্প্রে করতে হবে বা পানি নিষ্কাশন করতে হবে;<br>ঙ. মশারির ভিতর ঘুমোনোর অভ্যাস করা;<br>চ. মশার বংশবিস্তার কমাতে পানির পাত্র ঢাকনা দিয়ে ঢেকে রাখা;<br>ছ. তিনদিন বা তার বেশি সময়ের জন্য কর্মস্থল বা বাসা-বাড়ি ত্যাগের পূর্বে হাইকমোডে কীটনাশক বা সাবান পানি ঢেলে ঢাকনা বন্ধ রাখতে হবে এবং লো-কমোডের প্যানে কীটনাশক বা সাবান পানি দিয়ে প্যানের মুখ বন্ধ করে রাখতে হবে। এছাড়া বদনা, বালতি ইত্যাদি পানিশূন্য করে উল্টিয়ে রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন),<br>রেলপথ মন্ত্রণালয়<br>মহাপরিচালক,<br>বাংলাদেশ রেলওয়ে<br>সরকারি রেল পরিদর্শক,<br>রেলপথ পরিদর্শন<br>অধিদপ্তর |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৩.৪ | সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সময় প্রকল্প এলাকায় পানি জমে যাতে মশকের বংশবিস্তার না ঘটে তা নিশ্চিত করা এবং এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট ঠিকাদারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে |
| ৩.৫ | বাংলাদেশ রেলওয়ে কর্তৃক পরিচালিত ১০টি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে নিম্নেবর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবে:<br>১. শিক্ষকদের প্রশিক্ষণে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে করণীয় বিষয়াবলি অন্তর্ভুক্তকরতে হবে;<br>২. শিক্ষাপ্রতিষ্ঠানে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করে ছাত্র-ছাত্রীদের এডিস মশার প্রজননস্থল বিষয়ে অবহিত করা এবং তাদের নিজস্ব বাসগৃহে ও শিক্ষা প্রতিষ্ঠানে এডিস মশার প্রজননস্থল ধ্বংসে উদ্বুদ্ধকরতে হবে;<br>৩. শিক্ষাপ্রতিষ্ঠান ও এর আশেপাশে যেসব জায়গায় স্বচ্ছ পানি জমার সম্ভাবনা থাকে (যেমন: ভবনের ছাদ, নির্মাণাধীন ভবন, ফুলের টব, বাগান, এসি'র পানি জমার স্থান, হাইকমোড ইত্যাদি) সেগুলো নিয়মিত পরিষ্কার করতে হবে;<br>৪. সকল শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র-শিক্ষক, স্কাউট/বিএনসিসি সদস্যদের সমন্বয়ে প্রতি সপ্তাহের শেষ কর্মদিবসে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা এবং শিক্ষা প্রতিষ্ঠান ও এর আশেপাশে পরিত্যক্ত বস্তুতে জমে থাকা পানিতে মশকের লার্ভা জন্মানো প্রতিরোধ করতে হবে;<br>৫. শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ অবস্থায় এডিস মশার প্রজনন হতে পারে সে বিষয়টি লক্ষ্য রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>৬. অভিভাবক বা মা সমাবেশে উল্লিখিত বিষয়ে আলোচনা করে তাদের সচেতনতা বৃদ্ধি করতে হবে;<br>৭. সিদ্ধান্ত (৩.৩.৮) অনুযায়ী সচেতনামূলক কর্মসূচি গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>প্রধান শিক্ষক (সকল), বাংলাদেশ রেলওয়ে কর্তৃক পরিচালিত বিদ্যালয়সমূহ |
| ৩.৬ | বাংলাদেশ রেলওয়ে কর্তৃক পরিচালিত হাসপাতালসমূহে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে নিম্নেবর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবে:<br>১ বাংলাদেশ রেলওয়ে কর্তৃক পরিচালিত সকল হাসপাতাল/ডিসপানসারিতে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে মশক নিধন কার্যক্রম পরিচালনা এবং এডিস মশার প্রজননস্থল বিনষ্টে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>২ স্বাস্থ্য সেবায় নিয়োজিত কেউ যাতে ডেঙ্গাসুহ মশাবাহিত অন্যান্য রোগে আক্রান্ত না হোন সে জন্য প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী পরিধান নিশ্চিতকরতে হবে;<br>৩. মেডিকেল বর্জ্য যথাযথভাবে নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>প্রধান চিকিৎসা কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী |
| ৩.৭ | বর্ষাকালে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় স্থানীয় সরকার বিভাগ প্রণীত 'ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা-২০২৫' অনুসারে ডেঙ্গু প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত কার্যক্রমের মাসিক প্রতিবেদন রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |

০৪. পরিশেষে, সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ করার লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের গৃহীত কার্যক্রমের সফলতা কামনা করে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত —

খালেদা আখতার
যুগ্মসচিব (প্রশাসন-১ অধিশাখা)
রেলপথ মন্ত্রণালয়
ও
সভাপতি
রেলপথ মন্ত্রণালয়ের ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ক কমিটি

নং- ৫৪.০০.০০০০.০০৭.০৪১.১৮.০০৯.২০.৪৮/১

তারিখ : ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
৩. প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে;
৪. প্রধান চিকিৎসা কর্মকর্তা (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী;
৫. প্রধান শিক্ষক (সকল), বাংলাদেশ রেলওয়ে কর্তৃক পরিচালিত বিদ্যালয়সমূহ।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে):**

১. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা-২, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

০৯/০৭/২০২৬

(ফাতেমা-তুজ-জোহরা)
সিনিয়র সহকারী সচিব
+৮৮০১৭২২০২০৪২২
admin6@mor.gov.bd